

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০২২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. প্রতি ওয়াক্ত নামাযের আযান ও ইকামতের মধ্যবর্তী সময়ে (নফল) নামায পড়তে উৎসাহিত করা এবং মাগরিবের নামাযের পূর্বে দুই রাকআত নফল নামায পড়া এবং এতদসম্পর্কে মতানৈক্য

بَابُ الْحَثِّ عَلَى الرُّكُوع بَيْنَ الْأَذَانَيْنِ فِي كُلِّ صَلَاةٍ وَالرَّكْعَتَيْنِ قَبْلَ الْمَغْرِبِ وَالِاخْتِلَافِ فِيهِ

আরবী

قُرِئَ عَلَى أَبِي الْقَاسِمِ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدِ بْنِ مَنِيعٍ _ وَأَنَا أَسْمَعُ _ : حَدَّتَكُمْ شُجَاعُ بْنُ مَخْلَدٍ ، نَا هُشَيْمٌ ، أَنَا عَبْدُ الْعَزِيزِ الْبُنَانِيُّ ، قَالَ : سَمِعْتُ أَنسَ بْنَ مَالِك ، قَالَ : " كَانَ مَخْلَدٍ ، نَا هُشَيْمٌ ، أَنَا عَبْدُ الْعَزِيزِ الْبُنَانِيُّ ، قَالَ : سَمِعْتُ أَنسَ بْنَ مَالِك ، قَالَ : " كَانَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ إِذَا أَذَّنَ الْمُؤذِنُ بِالْمَغْرِبِ ، ابْتَدَرُوا السَّوَارِيَ يُصِلُّونَ رَكْعَتَيْنِ قَبْلَ الْمَغْرِبِ ، فَيَجِيءُ الْجَائِي فَيَظُنُّ أَنَّهُمْ قَدْ صَلَّوا الْمَكْتُوبَةَ ؛ لِكَثْرَةِ مَنْ يَرَى مِمَّنْ يُصلِيهِمَا

বাংলা

১০২২(৯). আবুল কাসেম আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে মানী' (রহঃ) ... আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, মুয়াযযিন মাগরিবের নামাযের আযান দিলে পর রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীগণ দ্রুত মসজিদের খুঁটির কাছে গিয়ে মাগরিবের নামাযের পূর্বে দুই রাআত (নফল) নামায পড়তেন। তখন কোন আগন্তুক এসে ধারণা করতো যে, তারা ফরয নামায পড়েছে। কারণ সে প্রচুর সংখ্যক লোককে দুই রাকআত নামায পড়তে দেখতে পেয়েছে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ প্নঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন